

পারিবারিক নির্যাতন বন্ধ করুন

# WE ARE NEW YORK

ম্যাগাজিন



ENGLISH

বাংলা

# আমাদের গল্পগুলোর মাধ্যমে টিভিতে ইংরেজি শিখুন




# WE ARE NEW YORK

একটি নতুন টিভি অনুষ্ঠান

**www.nyc.gov/LearnEnglish**


কৃতজ্ঞতাস্বীকার

**We Are New York** ম্যাগাজিনগুলো রচনা করেছেন **Kayhan Irani Ges Anthony Tassi.** চিত্রাঙ্কন ও অলংকরণ করেছেন **Stedroy Cleghorne** । অনুবাদ করেছে **Eriksen Translations Inc.** ডিজাইন পরিচালনা করেছেন: **André Pennycooke.**

বিশেষ ধন্যবাদ জ্ঞাপন: **Leslee Oppenheim, David Hellman, K. Webster, Fatima Ashraf, John Mogulescu, Dennis M. Walcott; Rita Abadi, Malvina Acevedo, Vicki Breitbart, Azaleea Carlea, Courtney Collins, Shaifa Farooqui, Miguelina Fermin, Vivian Garcia, Cecilia Gaston, Bonnie Glass, Mailyssa Guercy-Adodo, Alice Hawks, Jeniffer Herrera-Andujar, Madelyn Hill, Lai-Sheung Huie, Susan Jacob, Yolanda Jimenez, Lincoln Hospital Volunteers, Jenna Mandel-Ricci, Bob Morrow, Alexandra Patino, Diana Prado, Maria Ramos, Robin Roberts, Joe Shick, Nancy Shea, Catherine Stayton, Patricia Telfort, Cindy Ventrice, Tracy Weber, Leah Zoldan, Lincoln Hospital, New York City Department of Health and Mental Hygiene, New York City Family Justice Center, Queens, New York City Mayor's Office to Combat Domestic Violence.**


nyctv
nyc.gov/tv

NYC
Michael R. Bloomberg
Mayor

Mayor's Office of Adult Education
Anthony Tassi
Executive Director

Information Technology & Telecommunications
Paul J. Cosgrave
Commissioner

nyc media group
Katherine Oliver
General Manager

CUNY The City University of New York

# ভেতরে যা আছে


| | |
|---|---|
| গল্পঃ পারিবারিক নির্যাতন বন্ধ করুন | পৃষ্ঠা ২ – ৭ |
| আমরা কারা | পৃষ্ঠা ৮ – ৯ |
| আমরা কীভাবে এটা করলাম | পৃষ্ঠা ১০ – ১১ |
| আপনি কী করতে পারেন | পৃষ্ঠা ১২–১৩ |
| আপনি কী বলতে পারেন | পৃষ্ঠা ১৪ |
| সহায়ক শব্দাবলী | পৃষ্ঠা ১৫ |


গল্প

# পারিবারিক নির্যাতন বন্ধ করুন

একটি কমিউনিটি থিয়েটারে একদল অভিনয়শিল্পী একটি নাটকে অভিনয় করছেন। বিভিন্ন দেশের অভিনয়শিল্পীরা রয়েছেন। তারা একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ নাটক অনুশীলন করছেন। নাটকটি একটি জটিল বিষয় সম্পর্কে – পারিবারিক নির্যাতন।

**পারিবারিক নির্যাতন** (ডোমেস্টিক ভায়োলেন্স) হচ্ছে যখন কেউ পরিবারের কোনো সদস্য, ছেলেবন্ধু বা মেয়েবন্ধু দ্বারা আঘাতপ্রাপ্ত অথবা নির্যাতিত হয়।




তুমি আমার মাথা খারাপ করে দাও। আমি তোমাকে এখন একটা শিক্ষা দেব। তুমি আর কখনো এমন করবে না!
বিলি, কেন তুমি টেডি বিয়ারকে মারছ? সে না তোমার বন্ধু?
আমি একটা খেলা খেলছি, দাদা। ভালুকটা হচ্ছে মা আর আমি হচ্ছি বাবা। বাবার মেজাজ খারাপ হয়ে গেলে তিনি মাকে মারেন।
আমার কি বিলির মাকে কিছু বলা উচিত হবে?


পরে সেই রাতে
আমার চিন্তা লাগছে। আজ বিলি বলেছে, “বাবা মাকে মারে”। আমার কি এরিকাকে কিছু বলা উচিত হবে?
৫
আহ্, বাবা। সে হয়তো এটা টিভিতে দেখেছে। তুমি জানো ছেলেরা কেমন হয়। এতে আমাদের নাক গলানোর দরকার নেই।
৬
পরের দিন
এরিকা, তোমাকে আমার একটা প্রশ্ন জিজ্ঞেস করা দরকার আর আমি চাই তুমি সত্য কথা বলবে।
৭
৮
৯


আমাকে বলতো কী ঘটছে। আমি শুনতে চাই।
১০
আমি খুব ভয়ের মধ্যে থাকি। আমি জানি না কোথায় যাব বা কী করবো।
১১
আর... আমার কাছে আমার “কাগজপত্রগুলো” নেই। কে আমাকে সাহায্য করবে?
১২
চলো 311-এ ফোন করা যাক। সেখানে এমন লোক আছে যারা তোমাকে সাহায্য করবে – যারা তোমার কথা শুনবে। তুমি একা নও।
১৩


পুলিশ স্টেশনে
১৪
আচ্ছা... আমাদের একজন "বন্ধু" আছে এবং আমাদের মনে হয় তার স্বামী তার ওপর নির্যাতন করছে।
১৫
কিন্তু তার কোনো কাগজপত্র নেই। এবং সে জানে না কী করতে হবে। সে ভীত-সন্ত্রস্ত হয়ে আছে।
১৬
নিউ ইয়র্ক শহরে, আমরা সবাইকে সাহায্য করি। আপনার "বন্ধুকে" এখানে এসে আমার সাথে দেখা করতে বলুন। তাকে সাহায্য করা আমার দায়িত্ব।
১৭

# আমরা কারা



## এরিকা (বিলির মা)

আমার স্বামী যে আমার ওপর নির্যাতন করতো তা আমি কাউকে বলতে ভয় পেতাম। আমার কোনো "কাগজপত্র" নেই, এবং আমি ভেবেছিলাম আমার করার মত কিছুই নেই। কিন্তু দাদা ও জুলি আমার কথা শুনেছে এবং আমাকে জানিয়েছে যে আমি একা নই। কথা বলার জন্য বিশেষজ্ঞদের খুজে বের করতে তারা আমায় সাহায্য করেছে। এখন আমি আরো শক্তিশালী ও নিরাপদ বোধ করি। আমি দেখেছি যে পারিবারিক নির্যাতন প্রতিটি কমিউনিটিতে, প্রত্যেক জাতির লোকজনকে প্রভাবিত করে। এখন, আমার মত অন্য মহিলাদেরকে আমি সাহায্য করতে চাই।



## দাদা (বিলির দাদা)

আমি আমার পরিবারের দিকে খেয়াল রাখি। আমার ছেলে যখন এরিকাকে বিয়ে করেছিল তখন আমি খুশি হয়েছিলাম। যখন আমার মনে হলো যে এরিকার ওপর নির্যাতন করা হচ্ছে, তখন আমাকে একটি কঠিন সিদ্ধান্ত নিতে হয়েছিল। অন্যরা বলছিল আমার নীরব থাকা উচিত, কিন্তু আমি আমার পরিবারকে কষ্টের মধ্যে দেখতে চাইনি। আমার ছেলের একটা সমস্যা রয়েছে এবং তার সাহায্যের প্রয়োজন, এটা স্বীকার করে নেয়াটা কঠিন ছিল। কিন্তু প্রথমে, এরিকার নিরাপত্তার জন্য তার একটা পরিকল্পনার দরকার ছিল। আমি আমার মেয়ে জুলিকে বলি সাহায্য করার জন্য। তারপর, আমি আমার ছেলের সাথে কথা বলি।

## বিলি (এরিকার ছেলে)

আমি আমার বাবাকে দেখি আমার মাকে মারতে এবং তার প্রতি চিৎকার করতে। এতে আমি ভয় পেতাম ও মন খারাপ করতাম, কিন্তু আমি কিছু করতে পারছিলাম না। যখন আমি আমার দাদার বাড়িতে ছিলাম, আমি ভান করি যেন আমিই আমার বাবা আর আমি আমার ভালুককে মারি! আমার দাদা জানতেন যে আমার কথা শোনা গুরুত্বপূর্ণ, এবং তার সাথে কথা বলে আমার ভালো লাগে। আমি আর ভয় পেতে চাই না। আমি চাই বড়রা আমাকে সাহায্য করুন।



## জুলি (দাদার মেয়ে)

বিলি যা বলেছিল তা যখন আমার বাবা প্রথমবার আমাকে বলেছিলেন, আমি তাকে বিশ্বাস করতে চাইনি। আমি স্বীকার করতে চাইনি যে আমার ভাই তার স্ত্রীকে মারতে পারে। কিন্তু আমি জানি যে নির্যাতন একটি মারাত্মক বিষয়, এবং আমি এরিকাকে সাহায্য করতে চেয়েছিলাম। এরিকার এমন কারো সাথে কথা বলার দরকার ছিল যার পারিবারিক নির্যাতন সম্পর্কে অভিজ্ঞতা রয়েছে, কেবল আমার বাবা বা আমার সাথেই নয়। আমি খুঁজে বের করেছি যে কোথায় বিশেষজ্ঞের পরামর্শ পাওয়া যাবে, এবং এখন এরিকার কাছে ভালো তথ্য রয়েছে। তাকে সুস্থ ও সুখী দেখে ভালো লাগছে।



# আমরা কীভাবে এটা করলাম

**পারিবারিক নির্যাতনের জন্য আমাদের পরিবার কীভাবে সাহায্য পেয়েছে তা এখানে বলা হয়েছে। এই ধারণাগুলো হয়তো আপনাকেও সাহায্য করবে।**

১ আপনার যে কোনো মুহূর্তে সাহায্যের প্রয়োজন হলে 911-এ ফোন করুন।

২ কোনো কিছু করার আগে আমরা তথ্য ও পরামর্শ পেয়েছি। তথ্যের জন্য আমরা 311-এ ফোন করেছি।

৩ আমি জানতে পেরেছি যে আপনার "কাগজপত্র" না থাকলেও নিউ ইয়র্ক সিটি আপনাকে সাহায্য করবে। আপনি আঘাত পেলে বা কাউকে আঘাত পেতে দেখলে আপনার অভিবাসনগত অবস্থা সম্পর্কে জিজ্ঞাসা করার জন্য পুলিশের অনুমতি নেই।


৪ আমার পরিবার ও বন্ধুরা আমাকে সাহায্য করেছে। তারা আমাকে বা বিলিকে একা ফেলে যায়নি।

৫ আমি নিজের জন্য এবং আমার সন্তানের জন্য সাহায্য ও সহযোগিতা পেয়েছি। জিজ্ঞাসা করতে ভয় পাবেন না।

৬ আমরা সবাই একে অপরের কথা শুনেছি এবং আমাদের সমস্যাগুলো নিয়ে আলোচনা করেছি – এমনকি যখন সমস্যাগুলো নিয়ে কথা বলাটা কঠিন ছিল তখনও।

৭ পারিবারিক নির্যাতন যে কারো ক্ষেত্রে ঘটতে পারে। লজ্জিত হবেন না। এটা আপনার দোষ নয়।

৮ নারী নির্যাতন বন্ধ করার জন্য একজন পুরুষ আরেকজন পুরুষকে সাহায্য করতে পারে।



# আমরা কীভাবে এটা করলাম



যখন শিশুরা খেলাধুলা করে, তারা প্রায়ই আমাদেরকে গুরুত্বপূর্ণ বিষয় সম্পর্কে বলে থাকে। তাদের কথা শুনুন, এবং তাদেরকে গুরুত্বের সাথে গ্রহণ করুন। আপনি পারিবারিক নির্যাতনের শিকার হয়েছেন শুধুমাত্র এই কারণে আপনার ছেলেমেয়েদেরকে আপনার কাছ থেকে কেড়ে নেয়া হবে না।



যখন আপনি 311-এ ফোন করবেন, কীভাবে সাহায্য পাওয়া যাবে সেই সম্পর্কে তারা আপনাকে তথ্য দিবে। সবাই সাহায্য পেতে পারে – যাদের অভিবাসন সংক্রান্ত “কাগজপত্র” নেই তারাও। বিশেষজ্ঞদের সাথে কথা বলাটা গুরুত্বপূর্ণ।





নিউ ইয়র্ক সিটিতে, পারিবারিক নির্যাতন হচ্ছে একটি অপরাধ। এটা বেআইনী। পারিবারিক নির্যাতনের শিকারদেরকে সাহায্য করার জন্য পুলিশ রয়েছে। এটা আমাদের দায়িত্ব।



দাদা আমার সাথে কথা বলার আগে, আমি কাউকে আমার সমস্যার কথা বলতে ভয় পেতাম। আমি খুবই লজ্জিত ছিলাম। কিন্তু আমি জানতে পেরেছি যে নির্যাতন যে কারো ক্ষেত্রে ঘটতে পারে, যে কোনো কমিউনিটিতে। আমার মত আরো অনেক নারী আছে। হয়তো আপনি কাউকে চেনেন?

# আপনি কী করতে পারেন

## পারিবারিক নির্যাতনের শিকারদেরকে সাহায্য করার জন্য এখানে কিছু ধারণা দেয়া হলো।

এই ম্যাগাজিনের তথ্য আপনার পরিবার ও বন্ধুদের সাথে শেয়ার করুন। আপনি তাদের জীবনে একটি পরিবর্তন আনতে পারেন।

### উদ্দেশ্য

**আপনার সাহায্যের দরকার, কিন্তু এই মুহূর্তে আপনি নিরাপদ।**

১. তথ্যের জন্য 311-এ ফোন করুন। **সিটির ফ্যামিলি জাস্টিস সেন্টার** (পারিবারিক বিচার কেন্দ্র) সম্পর্কে জিজ্ঞাসা করুন।

### উদ্দেশ্য

**আপনার একজন বন্ধু বা পরিবারের সদস্যকে সাহায্য করতে চান।**

১. আপনার বন্ধু/পরিবারের সদস্যের সাথে কথা বলুন। তাদের কথা শোনার প্রস্তাব দিন। তাকে জানান যে আপনি তাকে সাহায্য করার জন্য সেখানে থাকবেন। ভিকটিমকে সিদ্ধান্ত নিতে দিন। তাকে বিচার করবেন না।

২. নির্যাতনকারীর সাথে কথা বলবেন না। এর ফলে ঘটনা আরো খারাপের দিকে যেতে পারে। ভিকটিমকে বিশেষজ্ঞদের সহায়তা পেতে সাহায্য করুন।

**যদি আপনার তাৎক্ষণিকভাবে সাহায্যের দরকার হয়, তাহলে অবিলম্বে 911–এ ফোন করুন।**
**সাহায্য পাওয়ার জন্য আপনার অভিবাসনগত “কাগজপত্রের” প্রয়োজন নেই।**

আপনাকে ও আপনার সন্তানদেরকে নিরাপদে রাখার জন্য আপনাকে সাহায্য দেয়া হবে। আপনি পারিবারিক নির্যাতনের শিকার হয়েছেন শুধুমাত্র এই কারণে আপনার ছেলেমেয়েদেরকে আপনার কাছ থেকে কেড়ে নেয়া হবে না।

২. এছাড়াও আপনি ডোমেস্টিক ভায়োলেন্স (পারিবারিক নির্যাতন) হটলাইনে 1-800-621-4673 নম্বরে ফোন করতে পারেন।

৩. আরো তথ্যের জন্য আপনি নিচের ওয়েবসাইটগুলো দেখতে পারেনঃ
**www.nyc.gov/domesticvülence**
**www.safehorizon.org**
**www.sanctuaryforfamûies.org**

৩. তথ্যের জন্য 311–এ ফোন করুন।

আপনি দিনে ২৪ ঘন্টা 311–এ বিনামূল্যে ফোন করতে পারেন।

311 বাংলায় কথা বলে।

৪. আপনি এই ম্যাগাজিন থেকে যা জানলেন সেগুলো শেয়ার করুন।

# আপনি কী বলতে পারেন

## যদি একজন বন্ধু বা পরিবারের সদস্যের আপনার সাহায্যের প্রয়োজন হয়, আপনি বলতে পারেনঃ

- আপনি যে কোনো সময় আমার সাথে কথা বলতে পারেন।
- আপনি একা নন।
- এটা আপনার দোষ নয়।
- আপনি আমাকে বিশ্বাস করতে পারেন।
- আমি জানি আপনি কোথায় সাহায্য পেতে পারেন। চলুন একসাথে 311–এ ফোন করা যাক।

## আপনি নির্যাতনের শিকার হলে, আপনি বলতে পারেনঃ

- আমার সাহায্য দরকার।
- একজন আমাকে নির্যাতন করছে।

**আপনার জন্য সাহায্য রয়েছে। আপনি সাহায্য চাইতে পারেন। 311–এ বা ডোমেস্টিক ভায়োলেন্স (পারিবারিক নির্যাতন) হটলাইনে (1-800-621-4673) ফোন করুন।**

## যদি আপনি 311–এ বা ডোমেস্টিক ভায়োলেন্স (পারিবারিক নির্যাতন) হটলাইনে (1-800-621-4673) ফোন করেন, আপনি বলতে পারেনঃ

- পারিবারিক নির্যাতনের শিকারদের জন্য আপনাদের কী কী পরিষেবা রয়েছে?
- আমার একজন দোভাষী দরকার। আমি বাংলায় কথা বলি।

## আপনার নিজের প্রশ্নগুলো এখানে লিখুন:

## নির্যাতন
কাউকে আঘাত করা – শারীরিকভাবে, মানসিকভাবে, যৌনভাবে, বা এমনকি আর্থিকভাবে।

তার বয়ফ্রেন্ড তাকে **নির্যাতন** করছিল। তিনি সাহায্য পেয়েছেন।

## পারিবারিক নির্যাতন
যখন কেউ পরিবারের কোনো সদস্য, বয়ফ্রেন্ড, বা গার্লফ্রেন্ড দ্বারা আঘাতপ্রাপ্ত হন।

**পারিবারিক নির্যাতন** একটি অপরাধ।

## ডোমেস্টিক ভায়োলেন্স (পারিবারিক নির্যাতন) হটলাইন
পারিবারিক নির্যাতন সম্পর্কে তথ্য ও সাহায্য পাওয়ার জন্য আপনি দিনে ২৪ ঘন্টার মধ্যে যে কোনো সময় ফোন করতে পারেন এমন একটি ফোন নম্বর।

**ডোমেস্টিক ভায়োলেন্স (পারিবারিক নির্যাতন) হটলাইনের** জন্য 1-800-621-4673 নম্বরে ফোন করুন।

## ফ্যামিলি জাস্টিস সেন্টার (পারিবারিক বিচার কেন্দ্র)
এমন একটি জায়গা যেখানে অনেকগুলো বিভিন্ন ধরনের পরিষেবা ও সাহায্য পাওয়ার জন্য পারিবারিক নির্যাতনের শিকাররা যেতে পারেন।

নিউ ইয়র্ক সিটিতে ব্রুকলিন ও কুইন্সে ফ্যামিলি **জাস্টিস সেন্টার আছে**।

## নিরাপত্তা পরিকল্পনা
নির্যাতনকারীর কাছ থেকে আপনাকে নিরাপদ রাখার জন্য এক প্রস্থ নির্দেশনা।

আপনার একটি **নিরাপত্তা পরিকল্পনা** দরকার – কোথায় যেতে হবে, কী নিয়ে যেতে হবে, কী করতে হবে।

## পরিসেবা
সিটি আপনার জন্য যে সাহায্যগুলো দিয়ে থাকে।

সিটি আপনাকে সাহায্য করতে পারে। অনেকগুলো **পরিসেবা** রয়েছেঃ
- বাসস্থান ও আশ্রয়
- চিকিৎসা সেবা
- আইনগত সাহায্য
- আপনার ও আপনার সন্তানদের জন্য পরামর্শ সহায়তা

## ভিকটিম বা ঘটনার শিকার
একজন আহত বা আঘাতপ্রাপ্ত ব্যক্তি।

নিউ ইয়র্ক সিটিতে পারিবারিক নির্যাতনের **শিকারদেরকে** (বা **ভিকটিমদেরকে**) সাহায্য করা হয়।

## 311
সিটির পরিসেবাগুলো সম্পর্কে তথ্য পাওয়ার জন্য আপনি যে টেলিফোন নম্বরে বিনামূল্যে ফোন করতে পারেন।

**311**–এ ফোন করলে আপনি বাংলায় কথা বলতে পারবেন।

# WE ARE NEW YORK

## আমাদের গল্পগুলোর মাধ্যমে ইংরেজি শিখুন

**টিভিতে নয়টি পর্বের সবগুলো দেখুন।**
**স্টাডি গাইডগুলো পড়ুন।**
**আপনার ইংরেজি অনুশীলন করার জন্য একটি গ্রুপে যোগদান করুন।**




বিনামূল্যে আপনার স্টাডি গাইডগুলো পাওয়ার জন্য এবং
একটি গ্রুপে যোগ দেয়ার জন্য, দেখুন

**www.nyc.gov/LearnEnglish**

NYC
Michael R. Bloomberg
Mayor

**Mayor's Office of Adult Education**
Anthony Tassi
Executive Director

CUNY
The City University of New York



Stop Domestic Violence

# WE ARE NEW YORK

Magazine



ENGLISH

# Learn English on TV with our stories




# WE ARE NEW YORK

## A NEW TV SHOW

www.nyc.gov/LearnEnglish

**CREDITS**

**We Are New York Magazines created and written by Kayhan Irani and Anthony Tassi. Illustration and Art by Stedroy Cleghorne. Translations by Eriksen Translations Inc. Design Director: André M. Pennycooke.**

**Special Thanks: Leslee Oppenheim, David Hellman, K. Webster, Fatima Ashraf, John Mogulescu, Dennis M. Walcott; Rita Abadi, Malvina Acevedo, Vicki Breitbart, Azaleea Carlea, Courtney Collins, Shaifa Farooqui, Miguelina Fermin, Vivian Garcia, Cecilia Gaston, Bonnie Glass, Mailyssa Guercy-Adodo, Alice Hawks, Jeniffer Herrera-Andujar, Madelyn Hill, Lai-Sheung Huie, Susan Jacob, Yolanda Jimenez, Lincoln Hospital Volunteers, Jenna Mandel-Ricci, Bob Morrow, Alexandra Patino, Diana Prado, Maria Ramos, Robin Roberts, Joe Shick, Nancy Shea, Catherine Stayton, Patricia Telfort, Cindy Ventrice, Tracy Weber, Leah Zoldan, Lincoln Hospital, New York City Department of Health and Mental Hygiene, New York City Family Justice Center, Queens, New York City Mayor's Office to Combat Domestic Violence.**

nyctv
nyc.gov/tv

NYC
Michael R. Bloomberg
Mayor

Mayor's Office of Adult Education
Anthony Tassi
Executive Director

Information Technology & Telecommunications
Paul J. Cosgrave
Commissioner

nyc media group
Katherine Oliver
General Manager

CUNY
The City University of New York

# What's Inside


**The Story:** Stop Domestic Violence — Pages 2 - 7

**Who We Are** — Pages 8 - 9

**How We Did It** — Pages 10 - 11

**What You Can Do** — Pages 12 - 13

**What You Can Say** — Page 14


**Helpful Words** — Page 15

## THE STORY
# Stop Domestic Violence

A group of actors are putting on a play in a community theater. The actors are from different countries. They are practicing a very important play. The play is about a difficult subject – domestic violence.

**Domestic Violence** is when someone is being hurt or abused by a family member, boyfriend, or girlfriend.




1
You make me so mad. I'm going to teach you a lesson. You'll never do that again!
2
Billy, why are you hitting Mr. Bear? Isn't he your friend?
3
I'm playing a game, Grandpa. The bear is Mommy and I am Daddy. Daddy hits Mommy when he's mad.
4
Should I say something to Billy's mother?


Later That Night
I am worried. Today Billy said, "Daddy hits Mommy." Should I say something to Erica?
5
Oh, Dad. He probably saw it on TV. You know how boys are. It's none of our business.
6
The Next Day
Erica, I need to ask you a question and I want you to be honest.
7
8
9


10
Please tell me what's going on. I want to hear.
11
I'm so scared. I don't know where to go or what to do.
12
And... I don't have my "papers". Who will help me?
13
Let's call 311. There are people who will help you – people who will listen to you. You are not alone.


At The Police Station
NYPD
14
15
Well... we have a “friend” and we think her husband is abusing her.
16
But she doesn’t have her papers. And she doesn’t know what to do. She is scared.
17
In New York City, we help everyone. Tell your “friend” to come see me. It’s my job to help her.

# WHO WE ARE



## ERICA (Billy's Mother)

I was afraid to tell anyone that my husband was abusing me. I don't have my "papers", and I thought there was nothing I could do. But Grandpa and Julie listened to me and let me know that I wasn't alone. They helped me find professionals to speak to. Now I feel stronger and safer. I found out that domestic violence affects people of every nationality, in every community. Now, I want to help other women who are like me.



## GRANDPA (Billy's Grandfather)

I care about my family. I was happy when my son married Erica. When I thought that Erica was being abused, I had a hard decision to make. People said I should be quiet, but I didn't want to see my family in pain. It was difficult to admit that my son had a problem, and that he needed help. But first, Erica needed a plan for her safety. I asked my daughter, Julie, to help. Then, I talked to my son.

## BILLY (Erica's Son)

I saw my father hit my mother and yell at her. It made me scared and sad, but I couldn't do anything. When I was at my grandpa's house, I pretended to be my father and I hit my bear! My grandpa knew it was important to listen to me, and I felt better talking to him. I don't want to be scared anymore. I need grownups to help me.



## JULIE
## (Grandpa's Daughter)

When my father first told me what Billy said, I didn't want to believe him. I didn't want to admit that my brother would hurt his wife. But I know that abuse is serious, and I wanted to help Erica. Erica needed to talk to people who have experience with domestic violence, not only my father or me. I found out where to get professional advice, and now Erica has good information. It feels good to see her healthy and happy.



# HOW WE DID IT

**Here's how our family got help for domestic violence. Maybe these ideas will help you, too.**

1. Call 911 if you need help right away.

2. We found information and got advice before doing anything. We called 311 for information.

3. I found out that New York City will help you even if you don't have "papers." The police are not allowed to ask you about your immigration status if you are being hurt or see someone being hurt.

4. My family and friends supported me. They didn't leave me or Billy alone.

5. I found help and support for myself and my child. Don't be afraid to ask.

6. We all listened to each other and talked about our problems – even when the problems were hard to talk about.

7. Domestic violence can happen to anyone. Don't be ashamed. It's not your fault.

8. Men can help other men stop abusing women.



# HOW WE DID IT

When children play, they often tell us important things. Listen to them, and take them seriously. Your children will not be taken away from you just because you are a victim of domestic violence.





When you call 311, they will give you information about how to get help. Everyone can get help - including people without immigration “papers.” It is important to talk to professionals.

In New York City, domestic violence is a crime. It is illegal. The police are here to help domestic violence victims. That’s our job.





Before Grandpa talked to me, I was afraid to tell anyone about my problem. I was so ashamed. But I learned that abuse can happen to anyone, in any community. There are many women like me. Maybe you know one?



# WHAT YOU CAN DO

## Here are some ideas for helping people with domestic violence.

Share the information in this magazine with your family and friends. You can make a difference in their lives.

**Goal**

**You need to get help, but you are safe right now.**

1. Call 311 for information. Ask about the City's **Family Justice Centers**.

**Goal**

**You want to help a friend or family member.**

1. Talk to your friend/family member. Offer to listen. Let her/him know you will be there for support. Let the victim make the decisions. Don't judge her/him.

2. Don't talk to the abuser. It can make things worse. Help the victim get professional help.

**If you need help right away, call 911 immediately.**
**You don't need immigration "papers" to get help.**

You will be offered help to keep you and your children safe.
Your children will not be taken away from you just
because you are a victim of domestic violence.

**2.** You can also call the Domestic Violence Hotline at 1-800-621-4673. Ask for help to make a "safety plan."

**3.** You can visit these websites for more information:
**www.nyc.gov/domesticviolence**
**www.safehorizon.org**
**www.sanctuaryforfamilies.org**

**3.** Call 311 for information.

You can call 311 for free, 24 hours a day.

311 speaks your language.

**4.** Share what you learned from this magazine.

# WHAT YOU CAN SAY

### If a friend or family member needs your help, you can say:

- You can talk to me anytime.
- You are not alone.
- It is not your fault.
- You can trust me.
- I know where you can get help. Let's call 311 together.

### If you are being abused, you can say:

- I need help.
- Someone is hurting me.

**There is help for you. You can ask for it. Call 311 or the Domestic Violence Hotline (1-800-621-4673).**

### If you call 311 or the Domestic Violence Hotline (1-800-621-4673), you can say:

- What services do you have for victims of domestic violence?
- I need an interpreter. I speak ______________________.

### Write your own questions here:

______________________________________________

______________________________________________

______________________________________________

# HELPFUL WORDS

| Word | Example |
|---|---|
| **Abuse**<br>To hurt someone – physically, emotionally, sexually, or even financially. | Her boyfriend was **abusing** her. She got help. |
| **Domestic Violence**<br>When someone is being hurt or abused by a family member, boyfriend, or girlfriend. | **Domestic violence** is a crime. |
| **Domestic Violence Hotline**<br>A phone number you can call, 24 hours a day, to get information and help for domestic violence. | Call 1-800-621-4673 for the **Domestic Violence Hotline**. |
| **Family Justice Center**<br>A place where victims of domestic violence can go to get many different services and help. | In New York City there are **Family Justice Centers** in Brooklyn and Queens. |
| **Safety Plan**<br>A set of instructions to keep you safe from the abuser. | You need a **safety plan** – where to go, what to bring, what to do. |
| **Services**<br>Help for you that the City provides. | The City can help you. There are many **services** available:<br>• housing and shelter<br>• medical services<br>• legal help<br>• counseling for you and your children |
| **Victim**<br>A person who is injured or hurt. | There is help for **victims** of domestic violence in New York City. |
| **311**<br>The free telephone number you can call for information about City services. | You can speak your own language when you call **311**. |

# WE ARE NEW YORK

## Learn English with our stories

**Watch all nine episodes on TV.**
**Read the study guides.**
**Join a group to practice your English.**




To get your free study guide
and to join a group, go to

**www.nyc.gov/LearnEnglish**

NYC
Michael R. Bloomberg
Mayor

**Mayor's Office of Adult Education**
Anthony Tassi
Executive Director

CUNY
The City University of New York